

নম্বর ০৫.৮১.০০০০.০০৭.৯৯.০১৫.২৩- ৬৫

তারিখ: ২৮/০৩/২০২৪

## বিজ্ঞপ্তি

**বিষয়: জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের আবেদনের সাথে রোগভিত্তিক আবশ্যিকভাবে রিপোর্ট দাখিল সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড হতে সরকারি ও বোর্ডের তালিকাভুক্ত প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে চাকরি জীবনে জটিল ও ব্যয়বহুল রোগের জন্য বর্তমানে এক বা একাধিকবারে সর্বোচ্চ ২,০০,০০০ (দুই লাখ) টাকা চিকিৎসা অনুদান প্রদান করা হয়। জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসার জন্য বোর্ডের নির্ধারিত ফরমে (ফরম নম্বর ০৮) আবেদন করতে হয়। আবেদন দাখিলের নিয়মাবলি ও প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে বিস্তারিতভাবে উল্লেখ করা আছে। বিজ্ঞপ্তি জারির তারিখ হতে জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের আবেদনের সাথে রোগভিত্তিক আবশ্যিক রিপোর্টের তালিকা নিম্নরূপ:

ক্রমিক	রোগের নাম	আবশ্যিক রিপোর্ট
১.	ক্যান্সার	Biopsy Report
২.	হৃদরোগ	ECG, ECHO Report
৩.	কিডনি-ব্যাধি	Ultrasonography Report, S. Creatinine Report
৪.	হেপাটাইটিস	Ultrasonography, S. Bilirubin, Viral Marker test Report
৫.	ডায়াবেটিস-মেলিটাস	RBS, HbA1c Report
৬.	পক্ষাঘাত/স্ট্রোক	CT Scan report
৭.	বক্ষব্যাধি	Chest X-Ray, CT Scan Report
৮.	কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ-সংযোজন সংক্রান্ত রোগ ও দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হওয়া	X-Ray Report
৯.	জটিল অর্থোপেডিক অপারেশন	X-Ray Report
১০.	জটিল টিউমার অপারেশন	Ultrasonography, CT Scan Report
১১.	মেরুদন্ডের জটিলতার অপারেশন	MRI Report
১২.	ফুসফুসে জটিলতা	Chest X-Ray, CT Scan Report
১৩.	লিভার সিরোসিস	Ultrasonography, Viral Marker Test Report

০২। বর্ণিতাবস্থায় জটিল ও ব্যয়বহুল রোগের চিকিৎসা অনুদানের আবেদনের সাথে রোগভিত্তিক উপর্যুক্ত রিপোর্ট এর প্রতিস্বাক্ষরিত ফটোকপি আবশ্যিকভাবে সংযুক্ত থাকতে হবে। আবেদন অগ্রায়নের সময় অগ্রায়নকারী কর্মকর্তাকে যাচাইপূর্বক আবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

  
২৮-০৩-২৪

(এ কে এম আবদুল্লাহ খান)

অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোন : ০২-৪৮৩১৫৩৪৬

ই-মেইল: [adg@bkkb.gov.bd](mailto:adg@bkkb.gov.bd)

**বিতরণ: জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/ রংপুর/ ময়মনসিংহ।  
(বিভাগীয় পর্যায়ের সকল কার্যালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০২। জেলা প্রশাসক.....  
(জেলা পর্যায়ের সকল কার্যালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৩। পরিচালক (প্রশাসন/ উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়,.....
- ০৫। মহাপরিচালকের একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবহিতকরণের অনুরোধসহ)
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার.....  
(উপজেলা পর্যায়ের সকল কার্যালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৮। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।  
(বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)